দৈনিক ইনকিলাব

ডকুমেন্টেশন কেন্দ্র

DEC 1988
তারিখ ... ৫
পৃষ্ঠা ... কলাম ... ৭

257

## বিশ্ববিদ্যালয়গুলোতে নাইট শিফ্ট

গত ১১ ডিসেম্বর জাতীয় 'দৈনিক ইনকিলাব' পত্রিকার "মতামত" কলামে প্রকাশিত জনাব মোঃ শফিকুল ইসলামের "বিশ্ববিদ্যালয়গুলোতে নাইট শিফ্ট" শীর্ষক লেখাটির প্রতি আমার দৃষ্টি আকৃষ্ট হয়েছে। উক্ত লেখকের মন্তব্যকে আমি পূর্ণ সমর্থন করি। বিশ্ববিদ্যালয়গুলোতে নাইট শিফ্ট চালু করা হলে সত্যিই অধিকসংখ্যক ছাত্র-ছাত্রী ভর্তি হতে পারবে এবং সেশন জটও অনেকটা কমে আসবে। ফলে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান কম থাকা সত্ত্বেও উচ্চ শিক্ষার হার বৃদ্ধি পাবে এবং ছাত্র-ছাত্রীদের মূল্যবান বছরগুলোও নষ্ট হবে না।

এ বছর থেকেই এ ব্যবস্থা কার্যকর করে ভর্তি-সমস্যা দূর করে উচ্চ শিক্ষার সুযোগ দানের উদ্দেশ্যে প্রতিটি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানাচ্ছি।

—মোঃ জাহাঙ্গীর হোসেন,
গ্রাম: বাইশটেকী,
পোঃ বরাব,
উপজেলা: সোনারগাঁও,
নারায়ণগঞ্জ-১৪৪১।

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'নার্সিং সাইন্স'

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিগগিরই 'নার্সিং সাইন্স' নামক একটি নতুন বিভাগ খুলতে যাচ্ছে। অথচ নার্সিং কেমিস্ট বা ফিজিক্স-এর ন্যায় কোন সাইন্স নয়। নার্সদের প্রশিক্ষণের জন্য একটি কেন্দ্র বহুদিন থেকে চালু আছে। কিন্তু কতিপয় ব্যক্তির স্বার্থে বহু টাকা ব্যয়ে বিশ্ববিদ্যালয় এ পদক্ষেপ নিতে চলেছে। উল্লেখ্য যে, নতুন বিভাগ খুললে প্রফেসর, ডীন, প্রভৃতি পদের সৃষ্টি হবে। একদিকে তো নার্সিং কোন সাইন্স নয়। অন্যদিকে, মেডিকেল কলেজের আওতা থেকে নার্সিংকে বিভক্ত করে নার্স এবং ডাক্তারের মধ্যে বিরোধ সৃষ্টি করা হবে। সংশ্লিষ্ট মহল ব্যাপারটি বিবেচনা করবেন কি?

—শরীফুল মুজাহিদ,
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।